



আন্তর্জাতিক বাজারের প্রভাবে দেশে বাড়ল জ্বালানি তেলের দাম



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক বাজারের উর্ধ্বগতির সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে জ্বালানি তেলের খুচরা মূল্য বাড়িয়েছে সরকার। নতুন নির্ধারণ অনুযায়ী, প্রতি লিটার অকটেন ১৪০ টাকা, পেট্রল ১৩৫ টাকা, ডিজেল ১১৫ টাকা এবং কেরোসিন ১৩০ টাকায় বিক্রি হবে।
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় শনিবার (১৮ এপ্রিল) এক বার্তায় এ সিদ্ধান্ত জানায়। এর আগে অকটেনের দাম ছিল ১২০ টাকা, পেট্রল ১১৬ টাকা, ডিজেল ১০০ টাকা এবং কেরোসিন ১১২ টাকা।

নতুন সমন্বয়ে অকটেনে ২০ টাকা, পেট্রলে ১৯ টাকা, ডিজলে ১৫ টাকা এবং কেরোসিনে ১৮ টাকা বৃদ্ধি পেয়েছে। রোববার (১৯ এপ্রিল) থেকে সংশোধিত এই দাম কার্যকর হবে।

LENS ASIA